# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৮৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ জুমু‘আর দিন ইমাম খুতবা দেওয়ার সময় কোন ব্যক্তি কর্তৃক তার ভাইকে “চুপ থাকো” বলা নিষেধ প্রসঙ্গে

## ذِكْرُ الزَّجْرِ عَنْ قَوْلِ الْمَرْءِ لِأَخِيهِ وَالْإِمَامُ يَخْطُبُ يَوْمَ الْجُمُعَةِ: أَنْصِتْ

আরবী

2784 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا ابْنُ جُرَيْجٍ وَمَالِكٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا قَالَ الرَّجُلُ لِصَاحِبِهِ: أَنْصِتْ والإمام يخطب فقد لغا)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 27841 | خلاصة حكم المحدث:. صحيح ـ ((صحيح أبي داود)) (1018): ق.

قَالَ ابْنُ جُرَيْجٍ: وَأَخْبَرَنِي ابْنُ شِهَابٍ عَنْ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ عَنْ إِبْرَاهِيمَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ قَارِظٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ .......... مِثْلَهُ.

বাংলা

২৭৮৪. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “ইমাম খুতবা দেওয়ার সময় যখন তুমি তোমার সঙ্গীকে বলো, “চুপ থাকো”, তবে তুমি অনর্থক কাজ করলে!”[1]

ইবনু জুরাইজ রহিমাহুল্লাহ বলেন, “আমাকে আরো বর্ণনা করেছেন ইবনু শিহাব, তিনি উমার বিন আব্দুল আযীয থেকে, তিনি ইবরাহিম বিন আব্দুল্লাহ বিন কারিয থেকে, তিনি আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে, তিনি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে অনুরুপ হাদীস বর্ণনা করেছেন।”

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৮০৫; মুসনাদ আহমাদ: ২/৫১৮; সহীহুল বুখারী: ৯৩৪; সহীহ মুসলিম: ৮৫১; তিরমিযী: ৫১২; নাসাঈ: ৩/১০৩; দারেমী: ১/৩৬৪; বাগাবী: ১০৮০; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ৪০৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১০১৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92114

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন